

## তোমার গল্প

উৎসর্গ - ঘাতকাহত ডঃ ছামাযুন আজাদ-কে

ফতেমোল্লা

২৮শে ফেব্রুয়ারী ৩৩ মুক্তিসন।

তুমি।  
পৃথিবীতে আজ যেন,  
তুমি ছাড়া আর কিছু নেই, শহরে বন্দরে গ্রামে।

প্রবল স্রষ্টার নামে,  
দিক হতে দিগন্তরে, যুগ হতে যুগান্তরে,  
তোমারই অউহাসিতে কেঁপেছে ধরণী, মানুষের ইতিহাস।  
হিংস্র নখরে ছিঁড়ে আকাশ বাতাস,  
বার বার ফিরে আসো। অসহ আক্রোশে,  
ছোঁড় তীর, দন্ড দাও প্রভু হয়ে বসে।  
শক্ত উরু, রক্তচোখ, লোমশ বাহুতে,  
গ্রাস করো স্নিগ্ধনীড় অনল রাহুতে,  
তুমিই তো সেই!  
বার বার দেখি তোমাকেই।

নৃশংস হাসিতে,  
রক্তপাতে হোলি খেল প্রস্তুত রাশিতে,  
মহাপুরুষের দেহে। বন্দী গ্যালিলিও,  
বন্দী হানিফা ইমাম, ইমাম শাফি-ও  
এহিয়া নবীর শির, রক্তমাখা পাতে,  
জাকারিয়া নবীকে কাটো কঠিন করাতে,  
তোমার সুদক্ষ হাতে।  
খনার ওপড়ানো জিহ্বা, সবলে, অথবা,  
জ্বলন্ত চিতায় পোড়ে জীবন্ত বিধবা,  
করণাময়ের নামে। তুমিই তো সেই!  
বার বার দেখি তোমাকেই !

নিখোঁজ মেহ্দি, বোখারী নির্বাসিত,  
বন্দী ইমাম আহমদ। নির্বাপিত  
যীশুখ্রীষ্ট, সক্রোটস ও হোমা দারাবী,  
মাতুব লুনেস, তাহা, নাওয়াল সাদাবী,  
আসে বার বার,  
তারিক, হিকমত আর শেখ আনোয়ার,  
দেখেছ! তখনো সমুদ্র, সফেন তোমার!  
তখনো শকুনী, প্রেত, গৃধিনীর দল,  
তোমার ভয়াল হাসি, খঞ্জর সবল!

তখনো গ্রহরা ত্রস্তে চোখ রাখে ঢেকে,  
গ্রহের উপরে ক্লিন্ন পা' রেখে রেখে  
রগ খুঁজে ফেরো তুমি কাদের? যাদের  
দীপ্ত চোখে জ্বলে ওঠে হুমায়ুন আজাদের  
বাণী ক্ষুরধার?

আর,  
তোমাকেও খুঁজে ফেরে সে ও।  
ধনুকে লাগিয়ে তীর, অজর অজেয়  
একাগ্র বালক।  
লক্ষ বছর ধরে ক্লাস্তিহীন ও যে,  
তোমার-ই হৃৎপিণ্ডের খোঁজে।  
সৃষ্টির আদর-কাড়া সে রাজকুমার,  
যেন স্বপ্ন দিয়ে গড়া মর্মদেহ তার।  
কি নিবিড়, কি নিটোল মায়াময় তনু,  
ক্ষুরিত অধর আর স্নিগ্ধ ভ্রু-ধনু,  
কেয়ুর, কণকহারে, উষ্মীষে তা'জে,  
মণিময় কুন্ডলে, অপরূপ সাজে !

ঝাঁপিয়ে সপ্ত সাগর ও তেরো নদী,  
কাঁপিয়ে প্রকৃতি, পরুষ, দৈব অবধি,  
চোখের পলকে দৃষ্টি হয়ে যায় পার,  
উত্তর-দক্ষিণ মেরু, অগাধ - অপার।  
খুঁজে ফেরে জনপদে, নগর বন্দরে,  
বাহিরে অন্দরে, - শত, গোপন কন্দরে।  
উন্মুখ বিস্ময়ে তাকে দেখে মহাকাল,  
উদয়-অস্তাচল, দেখে দিক-চক্রভাল।  
মুগ্ধ দেখে গ্রহ তারা, মরু-অরণ্যানী,  
তার,- নর্ম মুখখানি !  
বিন্দু ঘাম মুক্তোসম, ললাটে চিবুকে,  
ক্ষিপ্ত পদচিহ্ন ঐকে সময়ের বুকে,  
ওঠে সে পাহাড়-চুড়ো, ছোট্টে সে পাতালে,  
সোনার লুকোন কৌটো, দীঘির অতলে,  
কৃষ্ণ-ভ্রমরে লুকোন, তোমার কঠিন প্রাণ।

সব গল্প হলে অবসান,  
অভভেদী বালকের পায়ে কাকে দেখি!  
চন্দ অভিশাপ, তুমি ধরাশায়ী এ কি!

কোন গল্পে, দানব, বিজয়ী হয়েছে কি? ?